গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০০৩.২২.৯৭ তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

বিষয়: **১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন।**

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ১৭ মার্চ ২০২৪ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে ১৩ মার্চ ২০২৪ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা কর্তৃক নিম্নোক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। জাতীয় শিশু দিবসের এ বছরের প্রতিপাদ্য **"বঙ্গবন্ধুর স্বপ্ন ধরে আনব হাসি সবার ঘরে"।**

- আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখ এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থাসমূহ তাদের স্ব স্ব ভবনে People's Republic of Bangladesh Falg Rules, 1972 মোতাবেক সঠিক মাপ ও রঙের জাতীয় পতাকা যথাযথভাবে উত্তোলন করবে;
- সকাল ১১.০০ টায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন ঢাকাস্থ দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে ধানমন্ডিস্থ ৩২নং সড়কে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হবে;
- দুপুর ০২.০০ টায় মৎস্য অধিদপ্তরে সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা ও দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে জুম প্ল্যাটফর্মে আলোচনা সভা অনুষ্ঠিত হবে।
- জাতির পিতার জন্মবার্ষিকী উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা নিজস্ব মসজিদ/উপাসনালয়ে **"সুবিধাজনক সময়ে বিশেষ মোনাজাত/প্রার্থনা"** আয়োজন করবে;
- জেলা ও উপজেলা পর্যায়ে জেলা প্রশাসক/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণে দপ্তর/সংস্থা নির্দেশনা প্রদান করবে;

সংযুক্তি: সভার কার্যবিবরণী (6233/potrojariAttachmentRef/99866/0/199)। জাতীয় শিশু দিবসের এ বছরের প্রতিপাদ্য এর পত্র। (6238/potrojariAttachmentRef/99866/0/199)

১৪-৩-২০২৪
মো: আবদুর রহমান
উপসচিব
ফোন: ০২৫৫১০০৪৩৮
ফ্যাক্স: 9512220
ইমেইল: administration-1@mofl.gov.b

দপ্তর/সংস্থা প্রধানগণ

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৪৬.২৩.০০৩.২২.৯৭/১(৪) তারিখ: ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৪) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



১৪-৩-২০২৪

মো: আবদুর রহমান

উপসচিব